দর্শনায় ১০টি স্বর্ণের বারসহ পাচারকারী আটক

দর্শনা আন্তর্জাতিক রেলবন্দর থেকে প্রায় আড়াই কোটি টাকা মূল্যের ১০টি স্বর্ণের বারসহ এক পাচারকারীকে আটক করেছে বিজিবি। উদ্ধার করা স্বর্ণের বারের মোট ওজন ১ কেজি ১৬৬ গ্রাম, যার আনুমানিক বাজারমূল্য ২ কোটি ৪৮ লাখ টাকা।

সোমবার (১৩ এপ্রিল) সকালে দর্শনা আন্তর্জাতিক রেলস্টেশনে অভিযান চালিয়ে স্বর্ণের বারগুলো আটক ব্যক্তির কোমর থেকে উদ্ধার করা হয়।

আটক ব্যক্তি আলমগীর খান (৫৫) দীর্ঘদিন ধরে স্বর্ণ-রূপা চোরাচালানের সঙ্গে জড়িত বলে জানা গেছে। তিনি দামুড়হুদা উপজেলার দর্শনা মোবারকপাড়ার মৃত বাদল খানের ছেলে।

চুয়াডাঙ্গা ৬ বিজিবির পরিচালক লেফটেন্যান্ট কর্নেল নাজমুল হাসান জানান, অবৈধভাবে ভারতে স্বর্ণ পাচারের গোপন সংবাদের ভিত্তিতে বিজিবির একটি দল দর্শনা রেলস্টেশনে অবস্থান নেয়। এ সময় এক ব্যক্তি ভারতের দিকে যাওয়ার চেষ্টা করলে তাকে থামার সংকেত দেওয়া হয়। কিন্তু তিনি দৌড়ে পালানোর চেষ্টা করলে বিজিবি সদস্যরা ধাওয়া করে তাকে আটক করে।

পরে তার দেহ তল্লাশি করে কোমরে খাকি স্কচটেপ দিয়ে মোড়ানো অবস্থায় দুটি পোটলা উদ্ধার করা হয়। ওই পোটলা থেকে ১০টি স্বর্ণের বার পাওয়া যায়।

তিনি আরও জানান, এ ঘটনায় বিজিবির পক্ষ থেকে মামলা দায়ের করা হবে এবং উদ্ধারকৃত স্বর্ণের বারগুলো চুয়াডাঙ্গা ট্রেজারি অফিসে জমা রাখা হবে।

গাংনীতে ৪৫ বোতল ফেনসিডিলসহ পাচারকারী আটক

মেহেরপুরের গাংনীতে অভিনব কায়দায় মোটরসাইকেল করে ফেনসিডিল পাচারকালে ৪৫ বোতল ফেনসিডিলসহ লিপন হোসেনকে আটক করেছে পুলিশ।

আজ সোমবার সকাল সাড়ে নয়টার দিকে জেলার গাংনী উপজেলার ছাতিয়ান ব্রিক ফিল্ড বাজারের তিন রাস্তার মোড় থেকে মাদক পাচারকারীকে আটক করে পুলিশ।

আটক ৩৭ বছর বয়সী লিপন হোসেন কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার তেকালা পশ্চিমপাড়ার ফরজ আলীর ছেলে।

গাংনী থানা পুলিশের এসআই শিমুল বিশ্বাস এসব তথ্য নিশ্চিত করে বলেন, আমরা গোপন সংবাদের ভিত্তিতে জানতে পারি ছাতিয়ান ব্রিক ফিল্ড বাজার দিয়ে এক মাদক কারবারি ফেনসিডিল পাচার করছে। আমরা এমন সংবাদ পেয়ে সিভিল ড্রেসে আগে থেকেই অবস্থান করি। পরে ওই সড়ক দিয়ে একটি টিভিএস মেট্রো মোটরসাইকেল (গাড়ি নম্বর কুষ্টিয়া হ-১৩২৭৬০) যাওয়ার সময় ব্যারিকেড দিয়ে আটকাই এবং তল্লাশি চালিয়ে মোটরসাইকেলের সিট কভারের নিচে থরে থরে সাজানো ৪৫ বোতল ফেনসিডিল উদ্ধার করি।

পাচারের কাজে ব্যবহৃত মোটরসাইকেলটি জব্দ করে আসামিকে গাংনী থানায় নিয়ে আসা হয়েছে।

আটকের বিরুদ্ধে আইনগত প্রক্রিয়া শেষে আদালতে সোপর্দ করা হবে।

দামুড়হুদায় ফেনসিডিলসহ দুই মাদক পাচারকারী আটক

চুয়াডাঙ্গার দামুড়হুদায় মাদকদ্রব্য পাচারের সময় ৬০ বোতল ফেনসিডিলসহ দুই মাদক পাচারকারীকে আটক করেছে জেলা গোয়েন্দা

(ডিবি) পুলিশ।

শনিবার সকাল সাড়ে ৭টার দিকে উপজেলার পুড়াপাড়া মাঠের উত্তর পাশে পাকা রাস্তার উপর বিশেষ অভিযান চালিয়ে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন, দামুড়হুদা সদর দশমীপাড়ার মো. আবেদ আলীর ছেলে মো. মামুন আলী (৩৩) এবং মৃত শরমান দফাদারের ছেলে মো. রুহুল (৩০)।

জেলা ডিবি পুলিশ সূত্রে জানা গেছে, পুলিশ সুপার খন্দকার গোলাম মওলার দিকনির্দেশনায় ওই এলাকায় মাদকবিরোধী অভিযান পরিচালনা করা হয়। অভিযানের সময় ডিবি পুলিশের উপস্থিতি টের পেয়ে পাচারকারীদের কয়েকজন পালিয়ে গেলেও মামুন ও রুহুলকে ৬০ বোতল ফেনসিডিলসহ হাতেনাতে আটক করা হয়।

দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এসআই মেহেদী হাসান জানান, গ্রেফতারকৃতদের বিরুদ্ধে নিয়মিত মামলা রুজু করা হয়েছে এবং আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।

মেহেরপুর সীমান্ত এলাকা থেকে ৫৮ লাখ টাকার ইউএস ডলার ও বাংলাদেশী টাকাসহ এক পাচারকারী আটক

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা সীমান্ত এলাকা দিয়ে ইউএস ডলার পাচার করার সময় ৩৮ হাজার ইউএস ডলার, ১৭ লাখ বাংলাদেশী টাকা ও একটি মোটরসাইকেলসহ রুবেল নামের এক পাচারকারীকে আটক করেছে বিজিবি।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টার সময় বুড়িপোতা সীমান্ত ফাঁড়ীর কমান্ডার নায়েব সুবেদার মোঃ তৌহিদুজ্জামান এর নেতৃত্বে বিশেষ টহলগোপন সংবাদের ভিত্তিতে সীমান্ত পিলার ১১৬ হতে ৫০ গজ

বাংলাদেশের অভ্যন্তরে খালপাড়া নামক স্থানে চালিয়ে তাকে আটক করে। আটক রুবেল সদর উপজেলার খালপাড়ার চাঁদ আলীর ছেলে।

এসময় তার কাছে থাকা ব্যাগের মধ্যে ৪ ব্যান্ডেলে ১০০ ইউএস ডলার মানের ৩৮০টি নোট, যার মূল্য ৪০ লাখ ৬৬ হাজার (বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইট হতে ১২ জানুয়ারি ২০২৩ তারিখে প্রকাশিত ০১ ইউএস ডলার সমান বাংলাদেশী ১০৭ টাকা মূল্য অনুযায়ী), বাংলাদেশী নগদ ১৭ লাখ টাকা এবং ১টি মোটর সাইকেল আটক করতে সক্ষম হয়। যার সর্বমোট সিজার মূল্য ৫৮ লাখ ৬৬ হাজার টাকা।

বিজিবির চুয়াডাঙ্গা ব্যটালিয়ন অধিনায়ক শাহ মো: ইসতিয়াক পিএসসি জানান, মেহেরপুরের বুড়িপোতা সীমন্ত পিলার ১১৬ হতে ৫০ গজ বাংলাদেশের অভ্যন্তরে খালপাড়া নামক স্থানে ইউএস ডলার পাচার করছে এমন খবরের ভিত্তিতে বিজিবি একটি বিশেষ দল সেখানে অবস্থা নেয়। সকাল আনুমানিক ১১টার দিকে দেখতে পায় একজন অজ্ঞাত ব্যক্তি মোটর সাইকেলে একটি ব্যাগ বহন করে ভারতের দিকে গমণ করছে। বিজিবি টহল দল তাকে চ্যালেঞ্জ করলে ওই ব্যক্তি মোটর সাইকেলযোগে দ্রুত পালিয়ে যাওয়ার চেষ্টা করলে টহলদল তাকে আটক করে। পরে তার কাছে থাকা ব্যাগ তল্লাশি করে ইউএস ডলার ও বাংলাদেশী টাকা পাওয়া যায়।

এ ঘটনায় মেহেরপুর সদর থানায় মামলা দায়ের করে আসামীকে থানায় হস্তান্তর করা হয়েছে এবং ইউএস ডলার ও বাংলাদেশী নগদ টাকা মেহেরপুর ট্রেজারী অফিসে জমা করা হয়েছে বলে তিনি জানান।